অর্থ মন্ত্রণালয়

সংবাদ প্রকাশ

2015 সালের বাজেট পরিকাঠামোর ক্ষেত্রে অন্টারিওর ইতিহাসে সর্বোচ্চ বিনিয়োগ করেছে

সরকার অন্টারিওর উন্নয়ন করছে, অর্থনীতির বিকাশ করছে এবং কর্মসংস্থান বাড়াচ্ছে

23 এপ্রিল 2015

অর্থ মন্ত্রী (Finance Minister) Charles Sousa আজ *2015 বাজেট* প্রকাশ করেছেন, যা অর্থনৈতিক বৃদ্ধি ও নতুন চাকরিকে সহায়তা দেওয়ার জন্য পরিকাঠামোর ক্ষেত্রে অভূতপূর্ব বিনিয়োগ করা সম্ভব করে তুলেছে।

পরিবার ও সম্প্রদায়গুলি যে অপরিহার্য সরকারী সেবাগুলির উপরে নির্ভর করে সেগুলিকে বজায় রাখার পাশাপাশি, অর্থনীতিকে বৃদ্ধি করার আরো অভিনব উপায় সন্ধান করার জন্য সরকারের অঙ্গীকারের উপরে বাজেটে পদক্ষেপ নেওয়া হয়েছে। পরিকাঠামোর ক্ষেত্রে অন্টারিওর ইতিহাসে সর্বোচ্চ বিনিয়োগকে সহায়তা করার জন্য প্রাদেশিক সম্পদগুলির মূল্যকে সবচেয়ে ভালভাবে ব্যবহার করা এর অন্তর্ভুক্ত।

সামাজিক দায়িত্বের প্রতি অন্টারিওর দৃঢ় অঙ্গীকার বজায় রেখে, গ্রাহকের সুবিধা ও বিকল্প বৃদ্ধি করার জন্য প্রদেশে গ্রসারি স্টোর বা মুদিখানায় বিয়ার বিক্রি শুরু করা হচ্ছে।

অন্টারিও 2015–16 এ $8.5 বিলিয়ন ঘাটতিরকথা বলেছে , যা *2014 বাজেটের* পূর্বাভাসের চেয়ে কম, এবং বিশ্বজনীন মন্দা শুরু হওয়ার পর থেকে এটাই হবে সর্বনিম্ন। 2016–17 এ $4.8 বিলিয়ন ঘাটতির পূর্বাভাস এবং 2017–18 এর মধ্যে ভারসাম্যে প্রত্যাবর্তন সহ, প্রদেশটি ভারসাম্যের পথে একটি সুচিন্তিত ও সতর্ক পন্থা নেওয়া চালিয়ে যাবে। সরকারের চারটি অংশবিশিষ্ট পরিকল্পনা হল জনগণের প্রতিভা ও দক্ষতায় বিনিয়োগ করার মাধ্যমে অন্টারিওর উন্নয়ন করা, রাস্তা ও পরিবহনের মত সরকারী পরিকাঠামো নির্মাণ করা, একটি গতিময়, উদ্ভাবনী পরিবেশ সৃষ্টি করা যেখানে ব্যবসা সমৃদ্ধি লাভ করবে, এবং একটি সুরক্ষিত অবসরকালীন সঞ্চয় পরিকল্পনা তৈরি করা।

<u>অন্টারিওর পরিকাঠামোর উন্নয়ন করা</u>

সরকারী পরিকাঠামোর নবায়ন ও প্রসারণ অন্টারিওর শিল্পগুলিকে সহায়তা করে, কর্মসংস্থানের সৃষ্টি করে এবং অন্টারিওকে বিশ্বজনীন অর্থনীতিতে আরো ভালভাবে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য উন্নততর স্থান প্রদান করে, এবং একই সাথে ভবিষ্যতের শিক্ষা, স্বাস্থ্য পরিচর্যা, এবং রাস্তা ও পরিবহনের চাহিদাগুলি পূরণ করে। যখন অন্টারিও বিনিয়োগ করে, তখন নির্মাণ হয় - আর যখননির্মাণ হয় , তখন বৃদ্ধি হয়। 10 বছর ধরে সরকারী পরিকাঠামোয় $130 বিলিয়নের বেশি অভূতপূর্ব বিনিয়োগ করার জন্য অন্টারিওর পরিকল্পনাকে *2015 বাজেটে* অব্যাহত রাখা ও প্রসারণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে:

- অন্টারিওকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য (Moving Ontario Forward) নিয়োজিত তহবিল $2.6 বিলিয়ন বৃদ্ধি করে 10 বছর ধরে মোট $31.5 বিলিয়ন - বৃহত্তর টরন্টো ও হ্যামিল্টন অঞ্চলে [Greater Toronto and Hamilton Area (GTHA)] পরিবহন প্রকল্পগুলিতে প্রায় $16 বিলিয়ন এবং GTHA-এর বাইরে পরিবহন ও অন্যান্য অগ্রাধিকারযুক্ত পরিকাঠামো প্রকল্পগুলির জন্য প্রায় $15 বিলিয়ন উপলব্ধ করানো। প্রদেশের সম্পদের শ্রেষ্ঠ ব্যবহার পরিকল্পনা থেকে উচ্চতর লক্ষ্যমাত্রার কারণে বৃদ্ধি হয়েছে; এবং

- রাস্তা, সেতু, সর্বজনীন পরিবহন, জলের ব্যবস্থা, হাসপাতাল ও স্কুলের মত পরিকাঠামোর উপরে 2015–16 এ $11.9 বিলিয়নের একটি পরিকল্পিত বিনিয়োগ।

সরকার অন্টারিওর অর্থনীতিকে শক্তিশালী করা ও কর্মসংস্থান সৃষ্টিতে উৎসাহ দেওয়ার উদ্দেশ্যে তার সম্পদগুলির মূল্যকে সর্বোচ্চ করা এবং মোট প্রাপ্ত মূল্যকে ট্রিলিয়াম ট্রাস্টের (Trillium Trust) মাধ্যমে সরকারী ট্রানজিট, পরিবহন ও অন্যান্য অগ্রাধিকারযুক্ত পরিকাঠামো প্রকল্পগুলিতে পুনরায় বিনিয়োগ করা জন্য একটি পরিকল্পনা নিয়ে অগ্রসর হচ্ছে। অন্টারিওকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য (Moving Ontario Forward) নিয়োজিত তহবিলটি বৃদ্ধি করা হলে, অগ্রাধিকারযুক্ত প্রকল্পগুলি ত্বরান্বিত হবে এবং নতুন প্রকল্পগুলির সূচনা করা সম্ভব হবে। সম্পদের শ্রেষ্ঠ ব্যবহার পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে:

- দীর্ঘস্থায়ী সরকারী সুবিধা এবং চলতি জনগণ ও রেটপেয়ার সুরক্ষা সৃষ্টি করার জন্য Hydro One এর মালিকানা প্রশস্ত করা।

- গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত অনেকগুলি রিয়েল এস্টেট বিক্রয়ের জন্য পর্যালোচনা করা।

চাকরি সৃষ্টি করার জন্য ব্যবসায়িক প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারি করা

অন্টারিও পুরস্কারযোগ্য, উচ্চ বেতনযুক্ত চাকরি সৃষ্টি করা অব্যাহত রেখেছে। জুন 2009-এর অর্থনৈতিক মন্দার সময় থেকে কর্মনিয়োগ আবার জোরালোভাবে পূর্বাবস্থায় ফিরে এসেছে, আর মোট পাঁচ লক্ষের বেশি নতুন চাকরি সৃষ্টি হয়েছে - যার মধ্যে তিন-চতুর্থাংশ হয়েছে গড় বেতনের থেকে বেশি বেতন প্রদানকারী শিল্পগুলিতে। প্রদেশটি বিশ্বজনীন অর্থনৈতিক মন্দার পর থেকে হ্রাস পাওয়া সমস্ত চাকরির থেকেও বেশি চাকরি উদ্ধার করেছে। এই উচ্চ মানের চাকরিগুলি ব্যক্তিগত উন্নয়নের সুযোগ প্রদান করে, আর একই সাথে আর্থিক স্থিরতা সৃষ্টি করে এবং সমস্ত অন্টারিও-বাসীর সমৃদ্ধি সুরক্ষিত করে।

2015 বাজেট অন্টারিওর অর্থনীতিকে নিম্নলিখিত উপায়ে উর্ধ্বমুখী রাখে:

- আরো বেশি ব্যবসায়িক প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারি করা, উৎপাদনশীলতা বাড়ানো, উদ্ভাবন বৃদ্ধি করা, রপ্তানি বাড়ানো এবং চাকরি সৃষ্টি করার জন্য 10-বছরের, $2.5 বিলিয়ন চাকরি ও সমৃদ্ধি তহবিলের (Jobs and Prosperity Fund) জন্য অর্থের জোগান বাড়ানো। *2015 বাজেটে* ঘোষণা করা হয়েছে যে 2015–16 থেকে শুরু করে মোট $200 মিলিয়ন তহবিল বৃদ্ধি করা হবে, এবং 10 বছর ধরে তহবিলকে $2.7 বিলিয়নে বৃদ্ধি করা হবে এবং যোগ্যতাকে অরণ্যভিত্তিক শিল্পক্ষেত্রে প্রসারিত করা হবে।

- উত্তরের যোগ্যতাসম্পন্ন বিশাল শিল্প কারখানাগুলির জন্য বিদ্যুতের মূল্যে সহায়তাকে মার্চ 2016 এর পরেও অব্যাহত রাখা, যা চাকরি ও বিশ্বজনীন প্রতিযোগিতাকে বজায় রাখবে।

- সমৃদ্ধিশালী অর্থনৈতিক ভবিষ্যত ও সমৃদ্ধি অর্জনকারী সমাজ নিশ্চিত করার জন্য এখন জলবায়ু পরিবর্তনের মোকাবিলা করা। অন্টারিও তার কার্বন মূল্য পন্থা হিসেবে একটি সীমাবদ্ধতা ও বিনিময় ব্যবস্থা সহ সামনে এগিয়ে চলবে। একটি সীমাবদ্ধতা ও বিনিময় কার্যক্রম থেকে প্রাপ্ত অর্থকে প্রধান অগ্রাধিকারগুলির দিকে চালিত করা হবে, যা গ্রীনহাউস গ্যাস নির্গমন কমাতে সাহায্য করবে।

একটি অত্যন্ত দক্ষ কর্মী দল গড়ে তোলা

অন্টারিওর সর্বোচ্চ শক্তি হল তার জনগণ। আজ মানুষের উপরে বিনিয়োগ করে এবং অন্টারিওবাসীদের সঠিক দক্ষতা ও সঠিক চাকরি পাওয়ার জন্য প্রয়োজনীয় সহায়তাপ্রদান করে, সরকার আগামীকালের শক্তিশালী অর্থনীতি গড়ে তুলছে। বাজেটের পদক্ষেপগুলিতে অন্তর্ভুক্ত হল:

- প্রিস্কুল ও পূর্ণ দিবসের কিন্ডারগার্টেন থেকে মাধ্যমিক-পরবর্তী শিক্ষা ও পেশাদারী শিক্ষানবিশী কার্যক্রম পর্যন্ত শিক্ষা ও দক্ষতার প্রশিক্ষণকে উন্নত করা অব্যাহত রাখা, পরীক্ষামূলক শিক্ষণের পাইলট প্রোগ্রামগুলির মত উদ্ভাবন সহ।

- পরবর্তী দু'বছর ধরে ধরে অন্টারিওর তরুণদের চাকরির কর্মকৌশলে (Ontario Youth Jobs Strategy) অতিরিক্ত $250 মিলিয়ন বিনিয়োগ করবে, তরুণদের কর্মনিয়োগের কর্মসূচিতে মোট বিনিয়োগকে $565 মিলিয়নের বেশিতে নিয়ে যাওয়া।

- শিক্ষার্থীদের জন্য আর্থিক সহায়তাকে শক্তিশালী করার জন্য অন্টারিও শিক্ষার্থী সহায়তা কার্যক্রমের (Ontario Student Assistance Program) আধুনিকীকরণ।

দায়িত্বশীলভাবে পরিচালনা করা

সরকারের শক্তিশালী আর্থিক ব্যবস্থাপনার একটি প্রমাণিত অতীত প্রমান আছে। 2010–11 এর পর থেকে, অঙ্গলটি অপরিহার্য পরিষেবাগুলিকে হ্রাস করা ছাড়াই, কার্যক্রমের ব্যয়ের গড় বাৎসরিক বৃদ্ধিকে মূল্যবৃদ্ধির হারের নিচে 1.5 শতাংশে ধরে রেখেছে।

2015 বাজেট নিম্নলিখিতভাবে আর্থিক ভারসাম্যের লক্ষ্যে আরো অগ্রগতি করেছে:

- বহুবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বরাদ্দ করার থেকে মৌলিকভাবে নতুন একটি পন্থা, কার্যক্রমের পর্যালোচনা, নবায়ন ও রূপান্তর [Program Review, Renewal and Transformation (PRRT)]-কে অব্যাহত রাখা। কার্যক্রম ও সেবা গুলিকে রূপান্তরিত করার জন্য এটি স্বল্প ও দীর্ঘমেয়াদী উভয় ধরণের সুযোগগুলিই শনাক্ত করছে, এবং যে কার্যক্রমগুলি কাজ করছে না, প্রধান অগ্রাধিকারগুলির সাথে সম্পর্কযুক্ত নয় অথবা এখন আর সুস্পষ্টভাবে জনসাধারণের স্বার্থ পূরণ করছে না সেগুলিকে সমাপ্ত করার জন্য কঠিন সিদ্ধান্ত নিচ্ছে। 2014–15 এর জন্য $250 মিলিয়ন কার্যক্রম পর্যালোচনার সঞ্চয়ের লক্ষ্যমাত্রাকে কয়েকটি উদ্যমের মাধ্যমে পূরণ করা হয়েছিল, যেগুলি কর্মক্ষমতাগুলি সনাক্ত করেছিল, খরচ কমিয়েছিল বা সম্মুখ-সারির পরিষেবাগুলিকে প্রভাবিত না করে প্রশাসনিক আনুষঙ্গিক খরচ হ্রাস করেছিল। 2015–16, 2016–17 ও 2017–18 প্রতিটির জন্য কার্যক্রম পর্যালোচনার সঞ্চয়ের লক্ষ্যমাত্রাটি হল $500 মিলিয়ন।
- মাঝারি মেয়াদে কার্যক্রমের ব্যয় বৃদ্ধি নিয়ন্ত্রণ করা, যা 2013–14 ও 2017–18 এর মধ্যে গড়ে 0.9 শতাংশে সীমিত থাকার অনুমান করা হয়।

    - প্রতি বছর গড়ে 1.9 শতাংশ হারে স্বাস্থ্য ক্ষেত্রে মোট ব্যয়, প্রতি বছর 2.0 শতাংশ হারে শিক্ষা ক্ষেত্রে ব্যয়, প্রতি বছর 2.9 শতাংশ হারে শিশুদের ও সামাজিক পরিষেবা ক্ষেত্রের ব্যয়, এবং প্রতি বছর 1.5 শতাংশ হারে ন্যায়বিচার ক্ষেত্রে ব্যয় বৃদ্ধি পাবে বলে অনুমান করা হয়েছে।

    - মাধ্যমিক-পরবর্তী ও প্রশিক্ষণ ক্ষেত্রের ব্যয় অনেকাংশে অপরিবর্তিত থাকবে এবং অন্য সমস্ত কার্যক্রমের ব্যয় প্রতি বছর 5.5 শতাংশ হারে হ্রাস পাবে বলে অনুমান করা হয়েছে।

- অন্টারিওর বিদ্যমান আর্থিক কাঠামোর মধ্যে অন্টারিও জনসেবা (Ontario Public Service) এবং প্রশস্ততর সরকারী ক্ষেত্রের সাথে যৌথ চুক্তিগুলির আলোচনা অব্যাহত রাখা, যার মধ্যে বেতন বৃদ্ধির জন্য অতিরিক্ত

অর্থের যোগান অন্তর্ভুক্ত নয়। সার্বিকভাবে শূন্য বৃদ্ধির চুক্তি তৈরি করার জন্য, বেতনের যে কোনো পরিমিত বৃদ্ধিকেও বর্তমানে নিয়োগকর্তাদের কাছে লভ্য অর্থের মধ্যে অন্যান্য পদ্ধতির দ্বারা পুষিয়ে দিতে হবে।

- জুলাই 2012 এর পর থেকে অন্টারিওর প্রাদেশিক সরকারী ক্ষেত্র ব্যাপী বার্ষিক দরাদরি করা গড় বেতন 0.6 শতাংশ হারে বৃদ্ধি পেয়েছে। এটা অন্টারিওর পৌর সরকারী ক্ষেত্র (1.9 শতাংশ), অন্টারিওতে রাষ্ট্রীয় সরকারী ক্ষেত্র (1.7 শতাংশ) এবং অন্টারিওর বেসরকারী ক্ষেত্রের (2.0 শতাংশ) থেকে কম।

- ব্যবসায়িক প্রতিষ্ঠানের জন্য সমান সুযোগের পরিবেশ সৃষ্টিতে সাহায্য করার জন্য গুপ্ত অর্থনীতির মোকাবিলা করা, অন্টারিওতে যার বার্ষিক অর্থনৈতিক কার্যকলাপের পরিমাণ $15 বিলিয়ন বলে অনুমান করা হয়। প্রদেশটি আরো ভালভাবে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করা, বেআইনি তামাকের সমস্যা সমাধান করার জন্য আরো পদক্ষেপ গ্রহণ করা, এবং কর্পোরেট কর এড়িয়ে যাওয়ার পরিমাণ কমানোর মাধ্যমে এটা অর্জন করছে। প্রদেশটি বৈদ্যুতিক বিক্রয় অবদমন প্রযুক্তিগুলির ব্যবহার, উৎপাদন বা বিতরণকে অবৈধ ঘোষণা করার প্রস্তাবও দেবে।

উদ্ধৃতি

"অন্টারিওর 2015 বাজেট প্রদেশের আর্থিক বিষয়ের একটি প্রতিবেদনের থেকে অনেক বেশি কিছু। এটির বিষয়বস্তু হল এই সমগ্র প্রদেশ ব্যাপী মানুষের জীবনের গুণমানকে সুরক্ষিত রাখা, সংরক্ষণ করা ও উন্নত করা। পরিকাঠামো ও সরকারী পরিবহনে ঐতিহাসিক বিনিয়োগের মাধ্যমে অন্টারিও আধুনিক অর্থনীতিতে কানাডায় নেতৃত্ব দিতে প্রস্তুত আছে, যা শুধু যে পণ্যগুলিকে আরো দ্রুত বাজারে নিয়ে আসবে এবং মানুষকে কর্মক্ষেত্র থেকে আরো বেশি নিরাপদে বাড়ি ফিরিয়ে আনবে তাই নয়, এটা অন্টারিওকে আরো প্রতিযোগিতামূলক, আরো উৎপাদনশীল প্রদেশে পরিণত করবে।
মানুষের দক্ষতা ও প্রশিক্ষণে বিনিয়োগ করা, একটি গতিময় ও প্রতিযোগিতামূলক ব্যবসার পরিবেশকে সমর্থন দেওয়া, অবসরকালীন সুরক্ষাকে পোষণ করা এবং আমাদের কার্যক্রমের ব্যয়কে নিয়ন্ত্রণ করার জন্য আমাদের পরিকল্পনাটি এই বাজেটে বর্ণনা করা হয়েছে। অন্টারিও 2017–18 এর মধ্যে তার বাজেটে ভারসাম্য আনার লক্ষ্যে সঠিক পথে এগিয়ে চলেছে এবং আমরা এমনভাবে এটা করব যা ন্যায্য ও দায়িত্বশীল উভয়ই হবে।"
— Charles Sousa, অর্থ মন্ত্রী (Minister of Finance)

সংক্ষিপ্ত তথ্যাবলী

অধিকাংশ বেসরকারী ক্ষেত্রের পূর্বাভাসকাররা ভবিষ্যদ্বাণী করেন যে অন্টারিওর অর্থনীতি পরের দু'বছর ধরে প্রতি বছর প্রাদেশিক বৃদ্ধির ক্ষেত্রে অগ্রণী প্রদেশগুলির মধ্যে স্থান পাবে।

- সরকার 2013–14 এ শিক্ষার্থীদের অনুদান ও ঋণ হিসেবে $1.3 বিলিয়নের বেশি অর্থ প্রদান করেছিল এবং 380,000 এর বেশি শিক্ষার্থীকে সাহায্য করেছিল।
- এমপ্লয়মেন্ট অন্টারিও (Employment Ontario) নেটওয়ার্ক 2013–14 এ অন্টারিও ব্যাপী 150,000 এর বেশি নিয়োগকর্তা সহ, আনুমানিক এক মিলিয়ন অন্টারিওবাসীকে সাহায্য করেছিল।
- 1 জুন 2014 তারিখে প্রতি ঘন্টায় ন্যূনতম বেতন $11-এ বৃদ্ধি পেয়েছিল। অক্টোবর 2015-এ এটা বৃদ্ধি পেয়ে $11.25 হবে।

আরো জানুন

2015 অন্টারিও বাজেট পড়ুন

বাজেট বক্তৃতা পড়ুন

2015 অন্টারিও বাজেটের প্রধান বিষয়গুলি পড়ুন

2015 অন্টারিও বাজেট সম্বন্ধে প্রেক্ষাপটের তথ্য পড়ুন:

- অন্টারিওর পরিকাঠামোর উন্নয়ন করা
- চাকরি সৃষ্টি করার জন্য ব্যবসায়িক প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারি করা
- একটি অত্যন্ত দক্ষ কর্মীদল গড়ে তোলা
- সমস্ত অন্টারিওবাসীর জন্য একটি ন্যায়পূর্ণ সমাজে বিনিয়োগ করা
- জাতীয় নেতৃত্ব - শক্তিশালী অন্টারিও, শক্তিশালী কানাডা
- সমস্ত অন্টারিওবাসীর জন্য অবসরকালীন সুরক্ষাকে শক্তিশালী করা
- অন্টারিওর উন্নয়ন করার জন্য সম্পদের মূল্যের সেরা ব্যবহার

সরকারী সম্পদগুলির প্রসঙ্গে প্রিমিয়ারের উপদেষ্টা পরিষদের (Premier’s Advisory Council on Government Assets) চূড়ান্ত সুপারিশগুলি পড়ুন

শুধুমাত্র মিডিয়ার প্রশ্নের জন্য:
Kelsey Ingram, মন্ত্রীর কার্যালয় (Minister’s Office), 416-326-1409
Scott Blodgett, অর্থ মন্ত্রণালয়, 416-325-0324

Ontario.ca/budget
Disponible en français

জনসাধারণের জিজ্ঞাসার জন্য ফোন করুন:
1-800-337-7222
TTY: 1-800-263-7776